# পথের বাধা উপেক্ষা করেই সমাবেশে হাজারো মানুষ

● প্রথম পৃষ্ঠার পর

দাবির সঙ্গে ১৭ দফা দাবির মধ্যে রয়েছে সরকারী ক্ষেত্রে প্রতিবন্ধীদের জন্য যে তিন শতাংশ চাকরি সংরক্ষণের ব্যবস্থা রয়েছে বেসরকারী ক্ষেত্রেও এই সংরক্ষণ কার্যকরী করতে হবে। প্রতিবন্ধী সম্মিলনীর সাধারণ সম্পাদক কান্তি গাঙ্গুলি ১৭ দফা দাবি ব্যাখ্যা করেছেন। সম্মিলনীর সভাপতি মহবুব জাহেদী, পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক মহিলা সমিতির নেত্রী শ্যামলী গুপ্ত, সমাজসেবী তুষার কাঞ্জিলাল, রাজ্য মন্ত্রিসভার সদস্য বিশ্বনাথ চৌধুরী, নন্দরানী ডল, রাজ্যের প্রাক্তন অ্যাডভোকেট জেনারেল সাধন গুপ্ত প্রমুখ এই বিরাট সমাবেশকে অভিনন্দন জানান। সমাবেশেই ঘোষণা হয়েছিল, রাশিয়ান সার্কাসের কর্তৃপক্ষ রাজি হয়েছেন এদিন একটি বিশেষ 'শো'-এর আয়োজন করতে। এই সার্কাস দেখবেন সমাবেশে শামিল হওয়া মানুষরা। বেলা তখন প্রায় তিনটে। সমাবেশ শেষ হওয়ার পর এই মানুষরা, কেউ হুইল চেয়ারে কেউ প্রায় হামাগুড়ি দিয়ে চললেন নেতাজী ইনডোর স্টেডিয়ামে রাশিয়ান সার্কাস দেখতে।

**শিলিগুড়ি :** বিশ্ব প্রতিবন্ধী দিবস উপলক্ষে শুক্রবার শিলিগুড়িতে পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনির পক্ষ থেকে এক বিশাল বর্ণাঢ্য মিছিলের আয়োজন করা হয়। কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গন থেকে এই মিছিলের সূচনা করেন মেয়র বিকাশ ঘোষ। মিছিলে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মহকুমা পরিষদের সভাধিপতি মণি থাপা, মেয়র পরিষদের সদস্য জয় চক্রবর্তী, অরুণা ভট্টাচার্যসহ শহরের বিশিষ্ট ব্যক্তিরা। শহরের বিভিন্ন রাস্তা পরিক্রমা করে এই মিছিল কাঞ্চনজঙ্ঘা ক্রীড়াঙ্গনে শেষ হয়। এরপর এই ক্রীড়াঙ্গনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই অনুষ্ঠানে মেলবোর্নে অনুষ্ঠিত ২০তম শ্রবণ প্রতিবন্ধী ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিলিগুড়ির পলি সাহা, সোমা কুণ্ডু, নিমাই বণিক ও পায়েল ঘোষকে সংবর্ধনা জানানো হয়। সংবর্ধনা জানান রাজ্যের পৌরমন্ত্রী অশোক ভট্টাচার্য ও প্রখ্যাত টেবিল টেনিস কোচ ভারতী ঘোষ। এই অনুষ্ঠানে পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর পক্ষ থেকে বারো দফার দাবি সংবলিত একটি স্মারকলিপি পৌরমন্ত্রী অশোক ভট্টাচার্যের হাতে তুলে দেওয়া হয়।

এছাড়া নর্থ বেঙ্গল হ্যান্ডিক্যাপড রিহ্যাবিলিশন সোসাইটির পক্ষ থেকেও উত্তরবঙ্গের নানা জায়গায় অনুষ্ঠানের আয়োজন করা হয়। শিলিগুড়ির হাসমিচকে মূক ও বধির প্রতিবন্ধীরা এক সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণ করে।

দিনহাটার ট্রেজারি বিল্ডিংয়ে এদিন বিকালে এক অনুষ্ঠানের আয়োজন করে দিনহাটা মহকুমা প্রশাসন। এই অনুষ্ঠানের উদ্বোধন করতে গিয়ে দিনহাটা মহকুমাশাসক কাজলকুমার বন্দ্যোপাধ্যায় বলেন, একবিংশ শতকে বিজ্ঞানের অনেক উন্নতি হয়েছে। অথচ ভারতের মতো দেশগুলিতে আজও পালস পোলিও টিকাকরণ কর্মসূচী চলছে, প্রতিবন্ধীদের শনাক্তকরণ শিবির করতে হচ্ছে। তিনি বলেন, দেশের স্বার্থে, সমাজের স্বার্থে সাক্ষরতা কর্মসূচীকে বাস্তবায়িত করতে হবে। পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবন্ধী সম্মিলনীর দিনহাটা মহকুমা সম্পাদক শম্ভুনাথ চট্টোপাধ্যায় প্রতিবন্ধীদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন। তিনি বলেন, প্রতিবন্ধীদের সঠিকভাবে উন্নয়ন করতে হলে তাঁদের শিক্ষার দিকে আরও নজর দেওয়ার দরকার রয়েছে। অনুষ্ঠানে বক্তব্য রাখেন দিনহাটা ব্যবসায়ী সমিতির সভাপতি ভবানীশঙ্কর আগরওয়াল। সভাপতিত্ব করেন ড. প্রণব রায়।

Close

Print